# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫২৭

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

## باب

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الْجُرَيْرِيِّ، عَنْ أَبِي الْوَرْدِ، عَنِ اللَّجْلاَجِ، عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ، قَالَ سَمِعَ النَّبِيُّ صلى الله عليه وسلم رَجُلاً يَدْعُو يَقُولُ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ تَمَامَ النِّعْمَةِ . فَقَالَ " أَىُّ شَيْءٍ تَمَامُ النِّعْمَةِ " . قَالَ دَعْوَةٌ دَعَوْتُ بِهَا أَرْجُو بِهَا الْخَيْرَ . قَالَ " فَإِنَّ مِنْ تَمَامِ النِّعْمَةِ دُخُولَ الْجَنَّةِ وَالْفَوْزَ مِنَ النَّارِ " . وَسَمِعَ رَجُلاً وَهُوَ يَقُولُ يَا ذَا الْجَلاَلِ وَالإِكْرَامِ فَقَالَ " قَدِ اسْتُجِيبَ لَكَ فَسَلْ " . وَسَمِعَ النَّبِيُّ صلى الله عليه وسلم رَجُلاً وَهُوَ يَقُولُ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الصَّبْرَ . فَقَالَ " سَأَلْتَ اللَّهَ الْبَلاَءَ فَسَلْهُ الْعَافِيَةَ " .
حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، عَنِ الْجُرَيْرِيِّ، بِهَذَا الإِسْنَادِ نَحْوَهُ .
قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ .

বাংলা

৩৫২৭. মাহমূদ ইবন গায়লান (রহঃ) ..... মু'আয ইবন জাবাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন শুনতে পেলেন যে, এক ব্যক্তি দু'আয় বলছেঃ হে আল্লাহ! আমি তোমার কাছে নিয়ামতের পূর্ণতা চাই। তিনি বললেনঃ নিয়ামতের পূর্ণতা কি? লোকটি বললঃ একটি দু'আ করলাম আর এতে আমি কল্যাণ আশা করি। তিনি বললেনঃ নিয়ামতের পূর্ণতার মানে হল জান্নাতে দাখিল হওয়া এবং জাহান্নাম থেকে মুক্তির সাফল্য লাভ করা।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন আবার এক ব্যক্তিকে বলতে শুনলেনঃ ইয়া যাল জালালি ওয়াল ইকরাম। তিনি বললেনঃ তোমার দু'আ অবশ্যই কবুল হবে তুমি প্রার্থনা কর।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বলতে শুনলেনঃ হে আল্লাহ! আমি তোমার কাছে ধৈর্যধারনের তাওফিক চাই। তিনি বললেনঃ তুমি তো আল্লাহ তা'আলার মুসীবতের প্রার্থনা করছ, তার কাছে তোমার নিরাপত্তা

প্রার্থনা কর।

যঈফ, যঈফা ৪৫২০, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫২৭ [আল মাদানী প্রকাশনী]

আহামাদ ইবন মানী (রহঃ) থেকে এই সনদে অনুরূপ বর্ণিত আছে। হাদীসটি হাসান।

## English

Mu`adh bin Jabal narrated that the Prophet (ﷺ) heard a man supplicating, saying:
"O Allah! Verily, I ask You for the bounty's completion (Allāhumma, innī as'aluka tamāman-ni`mah)." So he (ﷺ) said: "What thing is the bounty's completion?" He said: "A supplication that I made, that I hope for good by it." He (ﷺ) said: "Indeed, part of the bounty's completion is the entrance into Paradise, and salvation from the Fire." And he (ﷺ) heard a man while he was saying: "O Possessor of Majesty and Honor (Yā Dhal-Jalāli wal-Ikrām)" So he (ﷺ) said: "You have been responded to, so ask." And the Prophet (ﷺ) heard a man while he was saying: "O Allah, indeed, I ask You for patience (Allāhumma, innī as'alukaṣ-ṣabr)" He (ﷺ) said: "You have asked Allah for trial, so ask him for Al-`Āfiyah."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38929

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন